



পার্ক খেলনা বন্দুক হাতে ভিডিও, নারায়ণগঞ্জে দুই তরুণ আটক



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের নগর পার্কে খেলনা বন্দুক হাতে ঘোরাঘুরির একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর দুই তরুণকে আটক করেছে পুলিশ। শুক্রবার (২৮ আগস্ট) রাত সাড়ে ১১টার দিকে বন্দর উপজেলার বন্দর বাজার এলাকা থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে দুটি খেলনা বন্দুক উদ্ধার করা হয়েছে।

আটক দুজন হলেন বন্দর বাজার এলাকার শাহীন আহমেদের ছেলে লিমন তোহা (২২) এবং স্বপন মোল্লার ছেলে ইয়াসিন মোল্লা (২৩)।

নারায়ণগঞ্জ জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) তারেক আল মেহেদী জানান, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে যে অস্ত্র দেখা গেছে, সেগুলো আসলে খেলনা বন্দুক। টিকটকের জন্য ভিডিও তৈরি করতেই তারা পার্কে ওই দৃশ্য ধারণ করেছিলেন বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে।

পুলিশ জানায়, লিমন ২০২৪ সালে এইচএসসি পাসের পর পড়াশোনা ছেড়ে দেন। প্রায় সাত বছর ধরে তিনি টিকটক ভিডিও তৈরি করছেন। অন্যদিকে ইয়াসিন ২০২২ সালে এসএসসি পাস করার পর আর পড়াশোনা চালিয়ে যাননি। গত দুই বছর ধরে তিনি টিকটক ভিডিও বানাচ্ছেন।

সম্প্রতি ৩৫ সেকেন্ডের ভিডিওটি ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। ভিডিওতে কালো রঙের লম্বা কুর্তা-পায়জামা ও টুপি পরা দুই তরুণকে পার্কের বিভিন্ন স্থানে বন্দুক হাতে দেখা যায়। একপর্যায়ে তাদের পথচারী, রিকশাচালক ও শিশুদের দিকে বন্দুক তাক করতেও দেখা যায়। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনা শুরু হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, ভিডিওটি প্রথমে টিকটকের ‘ভাইবোন’ নামের একটি অ্যাকাউন্টে প্রকাশ করা হয়। পরে সেটি লিমনের ইনস্টাগ্রাম ও ফেসবুক অ্যাকাউন্টেও শেয়ার করা হয়েছিল।

এ ঘটনায় আটক দুই তরুণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।